

Upland
১৯৭১

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ সোমবার
২৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

‘বারি’ উদ্ভাবিত আধুনিক প্রযুক্তি পরিচিতি কর্মশালা

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥
প্রায় ২০৮টি ফসলের ওপর গবেষণা
ও উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা
করে আসছে বাংলাদেশ কৃষি গবেষণা
ইনস্টিটিউট-বারি। উদ্ভাবিত হচ্ছে
নতুন নতুন ফসলের উচ্চফলনশীল
জাত ও উন্নত উৎপাদন বিষয়ক
প্রযুক্তি। এতে দেশের সার্বিক কৃষি
উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য ও পুষ্টি
নিরাপত্তা অর্জন, কৃষকের আয় বৃদ্ধি
ও কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। রবিবার
যশোর আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র
(আরএআরএস) মিলনায়তনে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
(বারি) উদ্ভাবিত আধুনিক প্রযুক্তি
পরিচিতি কর্মশালায় এ তথ্য জানানো
হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন
বাংলাদেশ কৃষি গবেষণা
ইনস্টিটিউটের (তেলবীজ গবেষণা
কেন্দ্র) পরিচালক- ড. মোহাম্মদ
লুৎফর রহমান। আঞ্চলিক কৃষি
গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক
কর্মকর্তা ডক্টর গোবিন্দ চন্দ্র বিশ্বাসের
সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন
বারির পরিচালক-গবেষণা উইং, ড.
মোহাম্মদ আব্দুল ওহাব ও কৃষি
সম্প্রসারণ অধিদফতরের অতিরিক্ত
পরিচালক নির্মল কুমার দে। স্বাগত
বক্তব্য দেন যশোর আঞ্চলিক কৃষি
গবেষণা কেন্দ্রের বৈজ্ঞানিক কর্মকর্তা
ড. সায়েরুদ রহমান। উপস্থিত ছিলেন
কৃষি বিভাগের কর্মকর্তা, বিজ্ঞানীবৃন্দ।
কর্মশালায় বক্তারা বলেন, বাংলাদেশ
কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)
দেশের সর্ববৃহৎ বহুবিধ ফসল
গবেষণা প্রতিষ্ঠান। দেশের সার্বিক
কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য ও
পুষ্টি নিরাপত্তা অর্জন, কৃষকের আয়
বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে
বিএআরআই বিভিন্ন প্রকার দানা
জাতীয় শস্য, কন্দাল, ফসল, ডাল,
তেল ফসল, সবজি, ফল, ফুলসহ
প্রায় ২০৮টি ফসলের ওপর গবেষণা
ও উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা
করে আসছে।

দেশ রূপান্তর

সোমবার

০৭ এপ্রিল ২০১৯, ২৫ ডিগ্রী ১২২৫

✓ প্রশিক্ষণ

চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি
চাঁপাইনবাবগঞ্জে আমের বহুবিধ
ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে
গতকাল রবিবার কাঁচা আম
সংগ্রহোত্তর প্রক্রিয়াজাতকরণ
শীর্ষক এক প্রশিক্ষণ কর্মশালা
হয়েছে। সকালে চাঁপাইনবাবগঞ্জের
উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রে এই
কর্মশালা হয়। কর্মশালায় বক্তব্য
রাখেন চাঁপাইনবাবগঞ্জ উদ্যানতত্ত্ব
গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক
কর্মকর্তা সফিকুল ইসলাম, কৃ
ষি সম্প্রসারণ অধিদপ্তরের
উপপরিচালক মঞ্জুরুল হুদা, ফল
গবেষক জমিরউদ্দিন। কর্মশালায়
কাঁচা আম প্রক্রিয়াজাতকরণের
বিভিন্ন দিক নিয়ে হাতেকলমে
প্রশিক্ষণ প্রদান করা হয়।

